

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বন্দর, নারায়ণগঞ্জ  
www.bandar.narayanganj.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৬৭০৬.০০০.০৬.০০১.২৩- ৫৫৮ (৩০)

তারিখ : ৭ শ্রাবণ ১৪৩১  
২২ আগস্ট ২০২৪

### 'সভার নোটিশ'

বন্দর উপজেলা পরিষদের আগস্ট/ ২০২৪ খ্রি: মাসের উল্লয়ন সমন্বয় কমিটির সভা আগামী ২৭-০৮-২০২৪ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১:৩০ টায় উপজেলা পরিষদ মিলনায়তনে এ অনুষ্ঠিত হবে।

২। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত বিভিন্ন দপ্তরের গত সভার সংশ্লিষ্ট সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন এবং অনুষ্ঠিতব্য সভায় তার দপ্তরের আলোচ্য বিষয় পৃথকভাবে আগামী ২৬-০৮-২০২৪ খ্রি: তারিখ দুপুর ০৩:০০ ঘটিকার মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

#### আলোচ্যসূচি :

১. গত সভার সিদ্ধান্তের বাস্তবায়নের অগ্রগতি আলোচনা ও কার্যবিবরণী দৃঢ়করণ সংক্রান্ত।
২. বিভিন্ন দপ্তরের/বিভাগের প্রেরিত আলোচ্য বিষয় সংক্রান্ত।
৩. বিবিধ।

*Unobondor*  
22/08/24

(এম.এ. মুহাইমিন আল জিহান)  
উপজেলা নির্বাহী অফিসার  
বন্দর, নারায়ণগঞ্জ  
ফোন নং- ০২৯৯৭৭৪৭৬৬৭  
unobondor@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ
২. প্রশাসক, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ
৩. উপজেলা .....কর্মকর্তা, বন্দর, নারায়ণগঞ্জ
৪. চেয়ারম্যান (ভারপ্রাণ), মদনপুর, ধামগড়, মুছাপুর, বন্দর ও কলাগাছিয়া ইউপি, বন্দর, নারায়ণগঞ্জ
৫. সচিব, মদনপুর, ধামগড়, মুছাপুর, বন্দর ও কলাগাছিয়া ইউপি, বন্দর, নারায়ণগঞ্জ
৬. ..... বন্দর, নারায়ণগঞ্জ

(সদস্যগণের জ্ঞাতব্যঃ মন্ত্রিপরিষদ বিভাগের সমবি/মাপ্রস/২(৩০)/ ৮৯-২০০৯/১২৫ তারিখ: ২৫/০৫/২০০৯খ্রি: এর নির্দেশের প্রেক্ষিতে মাঠ পর্যায়ে অনুষ্ঠিতব্য গুরুত্বপূর্ণ সভাসমূহে প্রতিনিধি প্রেরণ এহণ যোগ্য নহে)।

**আগস্ট /২০২৪ মাসের বন্দর উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি	জনাব এম. এ. মুহাইমিন আল জিহান
স্থান	প্রশাসক, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ।
তারিখ	উপজেলা পরিষদ মিলনায়তন, বন্দর, নারায়ণগঞ্জ।
	২৭.০৮.২০২৪ খ্রিঃ, সময়ঃ সকাল ১১:৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে স্বাক্ষরের ক্রমানুসারে সংযুক্ত করা হলো)

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে গত সভার সিদ্ধান্ত ও এ সভার কার্যপত্র উপস্থাপনের আহ্বান জানানো হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	প্রশাসক, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ কর্তৃক গত অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পেশ করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কিনা তা সভায় জানতে চাওয়া হয়।
গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ	সিদ্ধান্ত	আলোচনাক্রমে কোনরূপ সংশোধনী ছাড়াই কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।
	বাস্তবায়ন	সংশ্লিষ্ট সকল সদস্য, বন্দর, নারায়ণগঞ্জ।

অতঃপর গত সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে পর্যায়ক্রমে আলোচনা ও অদ্যকার কার্যপত্র/আলোচনাসূচি সম্পর্কিত আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনা ০২  উপজেলা প্রকৌশল দপ্তর, বন্দর, নারায়ণগঞ্জ	আলোচনা	উপজেলা প্রকৌশলী, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে কোন বৰাদু পাওয়া যায় নাই। তিনি সভাকে আরো অবগত করেন যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২০২৩-২৪ অর্থ বছরে ই-টেক্নোলজি মাধ্যমে গৃহীত মোট ১৯ (উনিশ) টি প্রকল্পের মাঝে ১৩টি প্রকল্প সুষ্ঠুভাবে ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং ৫টি প্রকল্প চলমান রয়েছে। কাজের গড় অগ্রগতি ৫৬%। মুচুপুর ইউনিয়নে গ্রান্ট্রাঙ্ক রোড হাইতে আবদুল হক ডাক্তারের বাড়ির রাস্তার উপর কালভার্ট নির্মাণ কাজটি নির্ধারিত সময়ে সম্পন্ন করতে ব্যর্থ হওয়ায় সংশ্লিষ্ট কাজের বিপরীতে জমাকৃত পারফরেন্স সিকিউরিটি নগদায়ন করার জন্য যমুনা ব্যাংক, নিতাইগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ এ পত্র জারী করা হয়েছে। ধামগড় ইউনিয়নের জাঙাল পাকা রাস্তা হতে গোয়ানের বাড়ি অভিযুক্ত রাস্তা সি.সি দ্বারা উন্নয়ন কাজটি চলমান রয়েছে এবং কাজের অগ্রগতি ২৫%।
	সিদ্ধান্ত	সভায় বিস্তারিত আলোচনাতে উপরে বর্ণিত কাজগুলো দ্রুত শেষ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বন্দর, নারায়ণগঞ্জকে অনুরোধ করা হয়।
	বাস্তবায়নে	উপজেলা প্রকৌশলী, বন্দর, নারায়ণগঞ্জ
আলোচনা-০৩  উপজেলা কৃষি অফিস বন্দর, নারায়ণগঞ্জ।	:	<p>উপজেলা কৃষি অফিসার, বন্দর নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, জুলাই/ ২০২৪ মাসে তার দপ্তরের সামগ্রিক কর্মকাণ্ড নিম্নরূপ :-</p> <ol style="list-style-type: none"> <li>খরিপ-২/ মৌসুমে আগাম সবজি চাষ করার বিষয়ে বিভিন্ন ধরনের পরামর্শ প্রদান করা হচ্ছে এবং ফল গাছের বিশেষ পরিচর্যা নেয়ার পরামর্শ প্রদান করা হচ্ছে। পরিপক্ষ ফল সংগ্রহের বিষয়ে পরামর্শ প্রদান করা হচ্ছে।</li> <li>খরিপ-২/ মৌসুমে সারের সংকট না হয় বা কৃত্রিম সংকট তৈরি করে অতিরিক্ত মূল্যে বিক্রয় করতে না পারে সে বিষয়ে বন্দর উপজেলায় বিসিআইসি সার ডিলার এবং খুচু সার ডিলারদেরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া নিয়মিত উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ বিসিআইসি, বিএডিসি ও খুচু সার ডিলারদের দোকান মনিটরিং করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। বর্তমানে বন্দর উপজেলায় সারের কোন ঘাটতি নেই।</li> <li>৩. ২০২৪-২০২৫ অর্থ বছরে অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গনায় পারিবারিক পুষ্টি প্রকল্পের আওতায় পুষ্টি বাগান পুনঃস্থাপন প্রদর্শনী নিয়মিত পরিদর্শন করা হচ্ছে এবং বৃষ্টির কারণে সেচ নালা যেন নষ্ট না হয় সে বিষয়ে খেয়াল রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।</li> <li>৪. ব্লক পর্যায়ে সকল মাঠে দস্তায়মান ফসল এবং বসতবাড়ির আঙ্গনায় চাষকৃত শাক- সবজি, ফুল ও ফল গাছের পরিচর্যার বিষয়ে কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান করাসহ বিশেষভাবে বিষমুক্ত ফল ও সবজি উৎপাদনে উৎসাহ প্রদান করা হচ্ছে।</li> </ol>

	সিদ্ধান্ত	ঃ	বিষমুক্ত সবজি উৎপাদনে কৃষক এবং ভোকাদের সচেতন করার বিষয়ে কৃমকসহ সকল স্তরের জনগণকে সচেতনমূলক কার্যক্রম জোরদার করার বিষয়ে উপজেলা কৃষি অফিসার, বন্দর, নারায়ণগঞ্জকে অনুরোধ করা হয়।
	বাস্তবায়ন		উপজেলা কৃষি অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
আলোচনা-০৪ উপজেলা মৎস্য বিভাগ, বন্দর, নারায়ণগঞ্জ।	আলোচনা	ঃ	<p>উপজেলা মৎস্য অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভায় জানান যে, জুলাই/ ২০২৪ মাসে তার দঙ্গের কার্যক্রম নিম্নরূপ:-</p> <p>ক) মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়ন ও জাটকা নিধন প্রতিরোধে ১টি সচেতনতামূলক সভা আয়োজন করা হয়েছে।</p> <p>খ) নমুনা মৎস্য চাষীর পুকুর পরিদর্শন করা হয়েছে এবং সাথে সাথে বিল নার্সারী কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>গ) উপজেলার ৬ টি হাট বাজার পরিদর্শন করে মা মাছ রক্ষার বিষয়ে লিফলেট বিতরণ করা হয়েছে এবং ফরমালিনমুক্ত মাছের ব্যাপারে জনগণকে সচেতন করা হয়েছে।</p> <p>ঘ) মৎস্য চাষ ব্যবস্থাপনা উন্নয়নে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে ২টি অভিযান পরিচালনা করা হয়েছে।</p> <p>চ) ১৪ জন মৎস্য চাষীকে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান করা হয়েছে।</p> <p>ছ) নিয়মিত মৎস্য চাষীর পুকুর পরিদর্শন, নিজ দঙ্গের ও চাষীর পুকুর পাড়ে মৎস্য সম্পদ উন্নয়নে চাষীদের মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। উপজেলা মৎস্য অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে আরো অবগত করেন যে, বন্দর উপজেলার অভ্যন্তরীন জলমহাল/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্রাতিষ্ঠানিক জলাশয়/ পুকুরে পোনামাছ গ্রহণ ও অবযুক্তকরণ কর্মসূচির মাধ্যমে আগামী মাসে ১ম সপ্তাহে বন্দর উপজেলাধীন (ক) উপজেলা পরিষদ পুকুর (খ) কলাগাছিয়া নৌ-পুলিশ ফাড়ির পুকুর (গ) শাস্তিনগর আশ্রয়ণ প্রকল্পের পুকুর, (ঘ) কলাগাছিয়া ইউনিয়নের সাবদী জেলেপাড়া সংলগ্ন ব্রক্ষপুত্র নদ জলমহাল (উন্মুক্ত জলাশয়ে) বিভিন্ন প্রজাতির মাছের পোনা অবযুক্ত করা হবে।</p>
	সিদ্ধান্ত	ঃ	<p>ক) ফরমালিনযুক্ত মাছের ব্যাপারে জনগণকে সচেতন করা এবং হাট-বাজারসহ মৎস্য বিক্রয়কারী প্রতিষ্ঠান পরিদর্শন জোরদার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>খ) মাছের পোনা অবযুক্ত করার পাশাপাশি নিয়মিত পুকুর পরিদর্শন করে পরবর্তী করণীয় বিষয়ে পরামর্শ প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।</p>
	বাস্তবায়ন	ঃ	১। উপজেলা মৎস্য কর্মকর্তা, বন্দর, নারায়ণগঞ্জ।
আলোচনা-০৫ উপজেলা সমাজসেবা অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ	আলোচনা	:	<p>উপজেলা সমাজসেবা অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে মাঠ পর্যায়ে বকেয়া ঝণ কার্যক্রম সার্ভিস চার্জসহ কিস্তি আদায়ের জোর প্রচেষ্টা অব্যাহত আছে। শিশুদের জন্য সরকারের বিভিন্ন সেবামূলক কার্যক্রমের উপর সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হয়েছে। সামাজিক সচেতনতামূলক কার্যক্রমের মধ্যে যৌতুক বিরোধী প্রচারণা, বাল্যবিবাহ রোধ, বৃক্ষরোপন, পুষ্টি, বয়স্কশিক্ষা, পরিবার পরিকল্পনা, ইত্তিজিঃ, মাদক ইত্যাদি বিষয়ে উঠান বৈঠকের মাধ্যমে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রয়েছে। তাছাড়া অটিস্টিক শিশুসহ সকল প্রকার পিছিয়ে থাকা শিশু-কিশোরদের ঢাকা চিড়িয়াখানায় পরিদর্শন ও প্রবেশ ফি মওকুফ বিষয়ে অবহিত করা হয়। তাছাড়া ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ প্রাণ্তি সাপেক্ষে সকল ভাতাভোগীদের ভাতা অনলাইনে প্রদান করা হবে। ভাতা প্রদান কাজে তিনি স্থানীয় জনপ্রতিনিধিদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান।</p>
	সিদ্ধান্ত	:	সামাজিক নিরাপত্তা বেঠনীর আওতায় উপজেলা সমাজসেবা অফিসের মাধ্যমে সকল সেবাগ্রহীতাকে সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।
	বাস্তবায়ন	:	(১) উপজেলা সমাজসেবা অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ এবং (২) স্থানীয় জনপ্রতিনিধি (সকল), বন্দর, নারায়ণগঞ্জ।
আলোচনা-০৬ উপজেলা পরিসংখ্যান অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ	আলোচনা	:	উপজেলা পরিসংখ্যান অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, দেশের আর্থ-সামাজিক অবস্থা নিরপনের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যরো নির্ভরযোগ্য তথ্য সংগ্রহ ও প্রকাশনার জন্য বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যরো ঢাকা কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখ্য যোগ্য। ২০১৩ সালে দেশের ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। ২০২৪ সালে দেশে ৪র্থ অর্থনৈতিক শুমারি পরিচালনার

		<p>উদ্যোগ নেয়া হয়েছে যার কার্যক্রম চলমান রয়েছে। বাংলাদেশের অর্থনৈতিক ক্ষমি নির্ভর হতে ক্রমশ পরিবর্তন হয়ে শিল্প সেবা নির্ভর হয়ে উঠেছে। ফলে অকৃষি খাতগুলো জাতীয় আয় ও কর্মসংস্থানে অনেক অবদান রয়েছে। জাতীয় শিল্পনীতি ২০২২ অনুযায়ী দেশে বিদ্যমান অর্থনৈতিক প্রতিষ্ঠানসমূহে মালিকানা, কাঠামো, লিগ্যাল স্ট্যাটাস, কর্মকাণ্ডের ধরণ, উৎপাদিত পণ্য বা সেবার ধরন, কর্মসংস্থান, স্থায়ী সম্পদের মূল্য ইত্যাদি সম্পর্কিত তথ্য সংগ্রহ করার লক্ষ্যে বিবিএস অর্থনৈতিক শুমারি ২০২৩ শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে।</p>
	সিদ্ধান্ত	নির্ধারিত সময়ের মধ্যে ২০২৪ সালে দেশে ৪ৰ্থ অর্থনৈতিক শুমারি পরিচালনা কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে উপজেলা পরিসংখ্যান অফিসার, বন্দর, নারায়ণগঞ্জকে অনুরোধ করা হয়।
	বাস্তবায়নে	উপজেলা পরিসংখ্যান অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
আলোচনা -০৭ উপজেলা মহিলা বিষয়ক দপ্তর, বন্দর, নারায়ণগঞ্জ।	আলোচনা	<p>১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে তার দপ্তরের চলমান কার্যক্রম নিম্নরূপ :</p> <p>১। মা ও শিশু সহয়তা কর্মসূচি : ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দ না পাওয়ায় কার্যক্রম বন্ধ রয়েছে।</p> <p>২। ভিড়িটিবি কর্মসূচি: ২০২৪-২০২৫ চক্রের ভিড়িটিবি কর্মসূচির বরাদ্দ না থাকায় কার্যক্রম বন্ধ রয়েছে।</p> <p>৩। ক্ষুদ্রখণ কার্যক্রম: দুঃস্থ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে ক্ষুদ্রখণ কার্যক্রমের আওতায় জুলাই /২০২৪ মাসে = ১০,৫০০/- আদায় হয়েছে। আদায়ের হার ৮৫%</p> <p>৪। নিয়মিত উঠান বৈঠক ও সমিতি পরিদর্শন করা হচ্ছে।</p> <p>৫। বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলছে।</p>
	সিদ্ধান্ত	উঠান বৈঠক নিয়মিত করার সিদ্ধান্ত হয়। ক্ষুদ্রখণ কার্যক্রম দ্রুত গতিতে শেষ করার জন্য অনুরোধ করা হয়।
	বাস্তবায়নে	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
আলোচনা -০৮ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বন্দর, নারায়ণগঞ্জ	আলোচনা	<p>জনাব মো: রিদওয়ান আহমেদ, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় (১) PEDP-০৮ প্রকল্পের আওতায় বন্দর উপজেলাধীন ১১ টি প্রাথমিক বিদ্যালয়ের এটাস্ট দোতালা ওয়াশব্রুক নির্মাণ কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে।</p>
	সিদ্ধান্ত	(ক) PEDP-০৮ প্রকল্পের আওতায় বন্দর উপজেলাধীন ১১ টি প্রাথমিক বিদ্যালয়ের এটাস্ট দোতালা ওয়াশব্রুক নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বন্দর, নারায়ণগঞ্জকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।
	বাস্তবায়নে	<p>ক) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বন্দর, নারায়ণগঞ্জ।</p> <p>খ) চেয়ারম্যান (সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ।</p>
আলোচনা -০৯ উপজেলা প্রাণিসম্পদ বিভাগ, বন্দর, নারায়ণগঞ্জ	আলোচনা	<p>উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ জুলাই / ২০২৪ মাসে তার দপ্তরের কার্যক্রম নিম্নরূপ:-</p> <p>ক) হাঁস-মুরগির টিকা প্রদান করা হয়েছে ৬৮,৭০০ মাত্রা, খ) গবাদি পশুর টিকিৎসা প্রদান করা হয়েছে ৪,১৭৫ মাত্রা, গ) গবাদি পশুর চিকিৎসা প্রদান করা হয়েছে ২৩২৩ টি, ঘ) হাঁস-মুরগির চিকিৎসা প্রদান করা হয়েছে ১৯৪০২ টি, ঙ) পোষা প্রাণির চিকিৎসা প্রদান করা হয়েছে ৭ টি, চ) গাভীর কৃত্রিম প্রজনন করা হয়েছে ৬২১ টি, ছ) টিকাবীজ বিক্রয় বাবদ সরকারি খাতে ৮,৯২০/- টাকা এবং জ) কৃত্রিম প্রজনন ফি বাবদ রাজ্য খাতে জমা প্রদান করা হয়েছে ৬৫,৬২৫ টাকা। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে।</p>
	সিদ্ধান্ত	সকল ধরনের টিকাপ্রদান কার্যক্রম অব্যাহত রাখা এবং সরকারি খাতে নির্ধারিত সময়ের মধ্য টিকা বীজ বিক্রয় এবং কৃত্রিম প্রজনন ফি বাবদ প্রাপ্ত অর্থ যথাসময়ে জমা প্রদানের বিষয়ে সর্তক থাকার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বন্দর, নারায়ণগঞ্জকে অনুরোধ করা হয়।
	বাস্তবায়নে	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
আলোচনা - ১০	আলোচনা	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভায় জানান যে, তার দপ্তরের

4✓

উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ, বন্দর, নারায়ণগঞ্জ।		সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। জুলাই/ ২০২৪ মাসের অগতির কার্যক্রমের চিত্র নিম্নরূপ					
		পদ্ধতির নাম	প্রজেকশন	অর্জন	শতকার হার		
		স্থায়ী পদ্ধতি	পুরুষ	২২	০৭	৩১.৮২%	
			মহিলা	২২	০৮	১৮.২০%	
		ইমপ্লান্ট	৭৮	৬১	৮২.৪৩%		
		আই.ইউ.ডি	৩৩	১৮	৫৪.৫৫%		
		ইনজেকশন	১০৭৭	২৮১	২৬.০৯%		
		খাবার বাড়ি	২২১০	৯৫৬	৪৩.২৬%		
		কন্ডম	৩৯৭	২৭৫	৬৯.২৭		
		২) মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা : ২					
সিদ্ধান্ত			প্রজেকশন	অর্জন	হার%		
		গর্ভবতী পরিচর্যা	৪২০	৯৪৩	২২৪.৫২%		
		প্রস্বোত্তর সেবা	২২	০৮	১৮.২০%		
		নিরাপদ প্রসব সংখ্যা	৯০	৩০	৩৩.৩৩%		
		শিশু পরিচর্যা	১০৫০	৯৪৭	৯০.১৯%		
		সাধারণ রোগী	-	২৯৪৮			
		স্যাটেলাইট ক্লিনিক	২৮	২২			
		মোট সক্ষম দম্পত্তি		৭০৫২৩ জন			
		মোট গ্রহণকারী		৫৩৬০৭ জন			
		সি এ আর		৭৬.০১%			
বাস্তবায়নে	:	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।					
আলোচনা-১১	ঃ	আলোচনা	ঃ	পরিবার পরিকল্পনা কার্যক্রম জোরদার করা এবং মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যার লক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীদের সেবার মনোভাব নিয়ে কাজ করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।			
বাস্তবায়নে	ঃ						
আলোচনা-১২	ঃ	আলোচনা	ঃ	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বন্দর, নারায়ণগঞ্জ সভায় জানান যে, জুলাই/ ২০২৪ মাসে যুব উন্নয়ন অধিদপ্তর উপজেলা কার্যালয়ের প্রশিক্ষণ, যুবক্ষণ ও অন্যান্য কার্যক্রম যথারীতি সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।			
		প্রশিক্ষণ	লক্ষ্য মাত্রা চলতি অর্থ বছর	অর্জন চলতি অর্থ বছর	ক্রম পুঁজিত অর্জন		
			৪২০ জন	-	৭৭৬৫ জন		
		যুব স্থান	লক্ষ্য মাত্রা চলতি অর্থ বছর	অর্জন চলতি অর্থ বছর	ক্রম পুঁজিত অর্জন		
			৩৩,০০,০০০/-	৪৫,২০,০০০/-	৫,৭৭,৭০,০০০/-		
		আত্মকর্মী	লক্ষ্য মাত্রা চলতি অর্থ বছর	অর্জন চলতি অর্থ বছর	ক্রম পুঁজিত অর্জন		
			৮৪ জন	১৪ জন	৫৬৯৩ জন		
		যুব সংগঠন	লক্ষ্য মাত্রা চলতি অর্থ বছর	অর্জন চলতি অর্থ বছর	ক্রম পুঁজিত অর্জন		
			১টি সংগঠন	০০	১৩ টি সংগঠন এবং ১টির প্রত্যাব প্রেরণ করা হয়েছে।		
		সিদ্ধান্ত	প্রশিক্ষণ, যুবক্ষণ ও অন্যান্য কার্যক্রম যথারীতি সুন্দর ও সুষ্ঠুভাবে পরিচালনার বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ জানানো হয়।				
		বাস্তবায়নে	ঃ	১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, বন্দর।			
আলোচনা-১২	ঃ	আলোচনা	ঃ	জনাব মোসাঃ আনোয়ারা বেগম, ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বন্দর,			

ইসলামিক-ফাউন্ডেশন, বন্দর, নারায়ণগঞ্জ		উপজেলা, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, বন্দর উপজেলা মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, বন্দর, নারায়ণগঞ্জ এর মাটির নীচে বেইজমেন্ট এর কাজ চলমান রয়েছে। ঢালাই কাজ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে।																																														
	সিদ্ধান্ত	: বন্দর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনের কাজ নিয়মিত তদারকির জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বন্দর, নারায়ণগঞ্জকে অনুরোধ করা হয়।																																														
	বাস্তবায়নে	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বন্দর উপজেলা শাখা, নারায়ণগঞ্জ।																																														
আলোচনা-১৩ উপজেলা সমবায় বিভাগ, বন্দর, নারায়ণগঞ্জ	আলোচনা	<p>উপজেলা সমবায় অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। জুলাই/ ২০২৪ মাসের অগ্রগতির কার্যক্রমের চিত্র নিম্নরূপ :</p> <table border="1"> <thead> <tr> <th rowspan="2">ক্রঃনং</th> <th rowspan="2">কার্যক্রম</th> <th rowspan="2">২০২৪-২০২৫ বছরের লক্ষ্যমাত্র</th> <th colspan="2">অর্জন</th> </tr> <tr> <th>বিগত পর্যন্ত</th> <th>মাস পর্যন্ত</th> </tr> </thead> <tbody> <tr> <td>০১</td> <td>০২</td> <td>০৩</td> <td>০৪</td> <td>০৫</td> </tr> <tr> <td>১</td> <td>সমবায় সমিতির নিবন্ধন প্রদান</td> <td>১০০%</td> <td>-</td> <td>-</td> </tr> <tr> <td>২</td> <td>সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন</td> <td>৭৯</td> <td>৮</td> <td>৭</td> </tr> <tr> <td>৩</td> <td>অডিট ফি ও ভ্যাট আদায় (২০২৪-২০২৫ অর্থ বছর)</td> <td>৮১১৬০.০০</td> <td>৮১১৬০.০০</td> <td>৮১১৬০.০০</td> </tr> <tr> <td>৪</td> <td>সমবায় উন্নয়ন তহবিল আদায়</td> <td>১৪০৩৯.০০</td> <td>১৪০৩৯.০০</td> <td>১৪০৩৯.০০</td> </tr> <tr> <td rowspan="2">৫</td> <td>প্রশিক্ষণ প্রদান : ক. আম্যামান প্রশিক্ষণ</td> <td>১০০</td> <td>৭৫</td> <td>৭৫</td> </tr> <tr> <td>খ. প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থী প্রেরণ</td> <td>১০০%</td> <td>১২</td> <td>১২</td> </tr> <tr> <td>০৬</td> <td>জাতীয় সমবায় পুরস্কার- ২০২৩ এর জন্য মনোনয়ন প্রেরণ</td> <td>১০</td> <td>০৬</td> <td>০৬</td> </tr> </tbody> </table> <p>সিদ্ধান্ত : বর্ণিত কার্যক্রম চলমান রাখা এবং অন্যান্য কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।</p> <p>বাস্তবায়নে : উপজেলা সমবায় অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।</p>	ক্রঃনং	কার্যক্রম	২০২৪-২০২৫ বছরের লক্ষ্যমাত্র	অর্জন		বিগত পর্যন্ত	মাস পর্যন্ত	০১	০২	০৩	০৪	০৫	১	সমবায় সমিতির নিবন্ধন প্রদান	১০০%	-	-	২	সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন	৭৯	৮	৭	৩	অডিট ফি ও ভ্যাট আদায় (২০২৪-২০২৫ অর্থ বছর)	৮১১৬০.০০	৮১১৬০.০০	৮১১৬০.০০	৪	সমবায় উন্নয়ন তহবিল আদায়	১৪০৩৯.০০	১৪০৩৯.০০	১৪০৩৯.০০	৫	প্রশিক্ষণ প্রদান : ক. আম্যামান প্রশিক্ষণ	১০০	৭৫	৭৫	খ. প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থী প্রেরণ	১০০%	১২	১২	০৬	জাতীয় সমবায় পুরস্কার- ২০২৩ এর জন্য মনোনয়ন প্রেরণ	১০	০৬	০৬
ক্রঃনং	কার্যক্রম	২০২৪-২০২৫ বছরের লক্ষ্যমাত্র				অর্জন																																										
			বিগত পর্যন্ত	মাস পর্যন্ত																																												
০১	০২	০৩	০৪	০৫																																												
১	সমবায় সমিতির নিবন্ধন প্রদান	১০০%	-	-																																												
২	সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদন	৭৯	৮	৭																																												
৩	অডিট ফি ও ভ্যাট আদায় (২০২৪-২০২৫ অর্থ বছর)	৮১১৬০.০০	৮১১৬০.০০	৮১১৬০.০০																																												
৪	সমবায় উন্নয়ন তহবিল আদায়	১৪০৩৯.০০	১৪০৩৯.০০	১৪০৩৯.০০																																												
৫	প্রশিক্ষণ প্রদান : ক. আম্যামান প্রশিক্ষণ	১০০	৭৫	৭৫																																												
	খ. প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণার্থী প্রেরণ	১০০%	১২	১২																																												
০৬	জাতীয় সমবায় পুরস্কার- ২০২৩ এর জন্য মনোনয়ন প্রেরণ	১০	০৬	০৬																																												
আলোচনা বিবিধ -০১ পরিষদের বিবিধ ব্যয় সমন্বয় সংক্রান্ত আলোচনা:	আলোচনা	<p>আলোচনা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, বর্তমান প্রেক্ষাপটে বন্দর উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনীর একটি টিম বন্দর উপজেলাধীন বাংলাদেশ মেরিন একাডেমী, বন্দর নারায়ণগঞ্জ এ অঙ্গুয়া ব্যারাক স্থাপন করে অবস্থান করছে। বাংলাদেশ সেনাবাহিনী সদস্যদের ধাকার জন্য ব্যারাক স্থাপন এবং রাস্তা নির্মান কাজ বাস্তবায়নের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হয়। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভূতাপেক্ষ অনুমোদন সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে সমন্বয়ের বিষয়ে সভায় আলোচনা হয়।</p> <p>সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনাতে ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভূতাপেক্ষ অনুমোদন সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রকল্প ব্যয়িত অর্থ সমন্বয়ের বিষয়ে সিদ্ধান্ত হয়।</p> <p>বাস্তবায়ন : ১) প্রশাসক, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ, ২) উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ এবং ৩) উপজেলা প্রকৌশলী, বন্দর, নারায়ণগঞ্জ।</p>																																														
আলোচনা	আলোচনা	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে,																																														

৭✓

বিবিধ -০২ পরিষদের বিবিধ ব্যয় সংক্রান্ত		কুশিয়ারা বক্রকালভার্ট এর এপ্রোস সড়ক নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হবে। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে সমন্বয়ের বিষয়ে সভায় আলোচনা হয়।
সমন্বয় সংক্রান্ত	: সিদ্ধান্ত	: সভায় বিস্তারিত আলোচনাতে ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।
	: বাস্তবায়ন	: ১) প্রশাসক, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ, ২) উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ এবং ৩) উপজেলা প্রকৌশলী, বন্দর, নারায়ণগঞ্জ।
আলোচনা বিবিধ-০৩ অফিস সরঞ্জাম ক্রয় সংক্রান্ত আলোচনা।	: আলোচনা	: উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, সভাকে অবগত করেন যে, তাঁর সরকারি বাসভবনে কোন আইপিএস না করায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্ত (ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে = ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা এবং (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কর্মরত প্রশাসনিক কর্মকর্তার জন্য প্রিন্টারসহ কম্পিউটার ক্রয় কাজে = ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকাসহ সর্বমোট ১,৫০,০০০/- (এক লক্ষ পঁচাশ হাজার) টাকা ব্যয়ে বর্ণিত কাজ ২টি বাস্তবায়নের বিষয়ে সভায় প্রস্তাব করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।
	: সিদ্ধান্ত	: সভায় বিস্তারিত আলোচনাতে ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে = ১,৫০,০০০/- (এক লক্ষ পঁচাশ হাজার) টাকা মধ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে (ক) উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ এর সরকারি বাসভবনের জন্য আইপিএস ক্রয় এবং (খ) প্রশাসনিক কর্মকর্তা, বন্দর নারায়ণগঞ্জ এর অফিসের দৈনন্দিন কাজে ব্যবহারের জন্য প্রিন্টারসহ কম্পিউটার (অফিস সরঞ্জাম) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয়ের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।
	: বাস্তবায়ন	: ১) প্রশাসক, উপজেলা পরিষদ বন্দর, নারায়ণগঞ্জ এবং ২) উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
আলোচনা বিবিধ -০৪ পরিষদের বিবিধ ব্যয় সমন্বয় সংক্রান্ত আলোচনা:	: আলোচনা	: উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, বর্তমানে দেশের পরিস্থিতি বিবেচনায় (১) বন্দর উপজেলাধীন বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী, (২) স্থানীয় বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিবর্গ এবং (৩) বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসার শিক্ষক প্রতিনিধি এবং অভিভাবক সদস্যদের নিয়ে উপজেলা পরিষদ মিলনায়তন, বন্দর, নারায়ণগঞ্জ এর একাধিকবার সভায় আপ্যায়ন বাবদ = ২৪,৯৭০/- (চরিশ হাজার নয়শত সত্তর) টাকা ব্যয় হয়। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সমন্বয়ের বিষয়ে সভায় আলোচনা হয়।
	: সিদ্ধান্ত	: সভায় বিস্তারিত আলোচনাতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে = ২৪,৯৭০/- (চরিশ হাজার নয়শত সত্তর) টাকা সমন্বয়ের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।
	: বাস্তবায়ন	: ১) প্রশাসক, উপজেলা পরিষদ বন্দর, নারায়ণগঞ্জ, ২) উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
আলোচনা বিবিধ -০৫ পরিষদের বিবিধ ব্যয় সমন্বয় সংক্রান্ত আলোচনা:	: আলোচনা	: উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, বর্তমান প্রেক্ষাপটে বন্দর উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখার লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনীর একটি টিম বন্দর উপজেলাধীন বাংলাদেশ মেরিন একাডেমী, বন্দর নারায়ণগঞ্জ এ অস্থায়ী ব্যারাক স্থাপন করে অবস্থান করছে। বাংলাদেশ সেনাবাহিনীর ব্যারাকে প্রবেশ মুখে চেকপোষ্ট নির্মাণ এবং রান্নার জন্য প্রস্তাবিত নীচ স্থান বালু দ্বারা ভরাট করে রান্নার ঘর নির্মাণ কাজে সর্বমোট = ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় হয়। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয়ের বিষয়ে সভায় আলোচনা হয়।
	: সিদ্ধান্ত	: সভায় বিস্তারিত আলোচনাতে ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয়ের বিষয়ে সভায় আলোচনা হয়।
	: বাস্তবায়ন	: ১) প্রশাসক, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ, ২) উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
আলোচনা বিবিধ -০৬ পরিষদের বিবিধ ব্যয় সমন্বয়	: আলোচনা	: উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, উপজেলা পরিষদ পুরুরের চারদিকে এবং আবাসিক কোয়াটারের সামনে ঝোপ জঙল লেবারের মাধ্যমে পরিষ্কার কাজ বাস্তবায়নের জন্য = ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হয়। ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয়ের বিষয়ে সভায় আলোচনা হয়।

সংক্রান্ত আলোচনা:	সিদ্ধান্ত	সভায় বিস্তারিত আলোচনাতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে = ২৫,০০০/- (পঁচাশ হাজার) টাকা সমন্বয়ের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।
	বাস্তবায়ন	১) প্রশাসক, উপজেলা পরিষদ বন্দর, নারায়ণগঞ্জ, ২) উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ
আলোচনা বিবিধ -০৭ পরিষদের বিবিধ ব্যয় সমন্বয় সংক্রান্ত আলোচনা:	আলোচনা	উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, আগস্ট/ ২০২৪ মাসে বন্দর উপজেলা পরিষদের আইন-শৃঙ্খলা নিরাপত্তা বিবেচনায় বন্দর উপজেলা পরিষদের জানমাল এবং সরকারি সম্পত্তি রক্ষায় আনসার সদস্যগণ পরিষদ ক্যাম্পাসে পালাক্রমে দায়িত্বপালন করেন। দায়িত্বপালনকালীন সময়ে তাদের দৈনিক ভাতা এবং খাবার বাবদ সর্বমোট = ১৪,৩৭৫/- (চৌদ্দ হাজার তিনশত পঁচাত্তর) টাকা ব্যয় হয়। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয়ের বিষয়ে সভায় আলোচনা হয়।
	সিদ্ধান্ত	সভায় বিস্তারিত আলোচনাতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে = ১৪,৩৭৫/- (চৌদ্দ হাজার তিনশত পঁচাত্তর) টাকা সমন্বয়ের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।
	বাস্তবায়ন	১) প্রশাসক, উপজেলা পরিষদ বন্দর, নারায়ণগঞ্জ, ২) উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ
আলোচনা বিবিধ -০৮ পরিষদের বিবিধ ব্যয় সমন্বয় সংক্রান্ত আলোচনা:	আলোচনা	উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ সভাকে অবগত করেন যে, বর্তমান প্রেক্ষাপটে বন্দর উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখার লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনীর একটি টিম বন্দর উপজেলাধীন বাংলাদেশ মেরিন একাডেমী, বন্দর নারায়ণগঞ্জে অস্থায়ী ব্যারাক স্থাপন করে অবস্থান করছে। বাংলাদেশ সেনাবাহিনীর টিম বন্দর উপজেলাধীন মেরিন একাডেমীতে অবস্থানকালীন সময়ে বিশুद্ধ পানির ব্যবস্থা না থাকায় উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বন্দর কর্তৃক আর্সেনিকমুক্ত গভীর নলকুপ স্থাপন কাজে বিধি মোতাবেক ১০,০০০/- (দশ হাজার) টাকা ট্রেজারী চালানের সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়। ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সহয়ের বিষয়ে আলোচনা হয়।
	সিদ্ধান্ত	সভায় বিস্তারিত আলোচনাতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে = ১০,০০০/- (দশ হাজার) টাকা সমন্বয়ের বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।
	বাস্তবায়ন	১) প্রশাসক, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ, ২) উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ এবং ৩) উপজেলা প্রকৌশলী, বন্দর, নারায়ণগঞ্জ।
সভাপতির সার্বিক মন্তব্য	আলোচনা	সভাপতি, প্রশাসক, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ বন্দর, বন্দর উপজেলার উন্নয়নমূলক কর্মকাণ্ড সম্পর্কে দিক নির্দেশনামূলক আলোচনা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং উপস্থিত সকল দণ্ডের প্রধানদের স্ব-স্ব দণ্ডের কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তাছাড়া ২০২৪-২০২৫ অর্থ বছরে স্ব-স্ব বিভাগের প্রাপ্ত বরাদ্দের আলোকে নির্ধারিত সময়ের মধ্যে তা সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ জানান। তাছাড়া সভায় নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।
	সিদ্ধান্ত	১। সভায় নিয়মিত সকলের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়। ২। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয়ের প্রাপ্ত নির্দেশনা মোতাবেক কাজ বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করা হয়।
	বাস্তবায়নে	১। সংশ্লিষ্ট সদস্যবৃন্দ, বন্দর, নারায়ণগঞ্জ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০/১০/২০২৪  
(এম.এ. মুহাইমন আল জিহান)

প্রশাসক  
উপজেলা পরিষদ

ও

সভাপতি  
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি  
বন্দর, নারায়ণগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বন্দর, নারায়ণগঞ্জ।  
[www.bandar.narayanganj.gov.bd](http://www.bandar.narayanganj.gov.bd)

স্মারক নং- ০৫.৮১.৬৭০৬.০০০.০৬.০০১.২৩- ৫৮৬(৩০)

তারিখ : ১৯ তাত্ত্ব ১৪৩১  
০৩ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি ৪ (সদয় জ্ঞাতার্থে)-

১. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

অনুলিপি ৪ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)-

১. উপজেলা ..... কর্মকর্তা, বন্দর, নারায়ণগঞ্জ
২. চেয়ারম্যান, মদনপুর / ধামগড় / মুছাপুর / বন্দর / কলাগাছিয়া ইউপি, বন্দর, নারায়ণগঞ্জ
৩. জনাব/বেগম ..... বন্দর, নারায়ণগঞ্জ
৪. অফিস কপি।

*Muktib*  
০৩।০৯।২০২৪  
(এম.এ. মুহাইমিন আল জিহান)  
উপজেলা নির্বাহী অফিসার  
বন্দর, নারায়ণগঞ্জ